# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin
**Date 10-04-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষক-অশিক্ষক কর্মী এবং বিভিন্ন দলের মিছিলকে কেন্দ্র করে আজ কার্যত অবরুদ্ধ কলকাতা।

যোগ্যদের চাকরি ফিরিয়ে দেওয়া এবং OMR শিটের মিরর কপি প্রকাশের দাবিতে SSC অফিসের সামনে অবস্থান বিক্ষোভ চলেছে।

২) চাকরিহারা যোগ্য শিক্ষকদের সঙ্গে আগামীকাল বৈঠকে বসার কথা শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর।

৩) নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে চাকরিহারাদের একাংশের সঙ্গে বৈঠকে মুখ্যমন্ত্রীর মন্তব্যের প্রেক্ষিতে তাঁকে আদালত অবমাননার নোটিশ পাঠানো হয়েছে।

৪) হনুমানজয়ন্তী উপলক্ষে আগামী ১২-ই এপ্রিল বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারিককে কলকাতায় শোভাযাত্রার শর্তাধীন অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং ওয়েভ ল্যাপস্ আয়োজিত **XR** ক্রিয়েটর হ্যাকাথনে বিজয়ীদের নাম ঘোষিত হয়েছে।

৬) চিরাচরিত ধর্মীয় উৎসাহ-উদ্দীপনায় আজ মহাবীর জয়ন্তী পালিত হচ্ছে।

ooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষক – অশিক্ষক কর্মী এবং বিভিন্ন দলের মিছিলকে কেন্দ্র করে কার্যত অবরুদ্ধ কলকাতা।

যোগ্যদের চাকরি ফিরিয়ে দেওয়ার দাবিতে কর্মচ্যুত শিক্ষক - অশিক্ষক কর্মীরা আজ কলকাতায় মহা মিছিলের ডাক দেয়।

শিয়ালদা স্টেশন থেকে শুরু হয়ে মিছিল যায়  ধর্মতলায় ডোরিনা ক্রশিং পর্যন্ত। তাদের সঙ্গে যোগ দেন, আর জি কর কান্ডে আন্দোলনকারী জুনিয়ার চিকিৎসকরাও। মিছিল ধর্মতলায় পৌঁছলে, সেখানে ব্যারিকেড করে রাস্তা বন্ধ করে দেয় পুলিশ। রাস্তায় বসে পড়ে বিক্ষোভ দেখাতে শুরু করেন আন্দোলনকারীরা। অস্থায়ী ভিত্তিতে তারা কোনভাবেই চাকরি করবেন না বলেও স্পষ্ট জানিয়েছেন তারা।

এদিকে, কসবায় গতকাল চাকরিহারা শিক্ষকদের ওপর পুলিশের বেধড়ক লাঠি চার্জ এবং অমানবিক আচরণের প্রতিবাদে আজ জেলায় জেলায় নানা কর্মসূচী পালিত হচ্ছে।

বিভিন্ন রাজনৈতিক দলও যোগ্যদের চাকরি ফিরিয়ে দেওয়ার দাবি এবং পুলিশী নির্যাতনের প্রতিবাদে আজ বিক্ষোভ সমাবেশ পালন করছে। সল্টলেকের বিকাশভবনের সামনে গতকাল থেকেই চাকরিচ্যুত বেশ কয়েকজন শিক্ষক-অশিক্ষক কর্মী অবস্থান বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন। অনশনে বসেছেন দুজন। দ্রুত OMR শিটের মিরর কপি প্রকাশের দাবি জানিয়েছেন আন্দোলনকারীরা।

(বাইট)

আজ বিজেপি সাংসদ, প্রাক্তন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়  অবস্থানরতদের সঙ্গে সাক্ষাৎ করেন। তার সঙ্গে ছিলেন অভিনেতা রুদ্রনীল ঘোষ, রূপা গাঙ্গুলী প্রমুখ। এসএসসি-র প্রাক্তন চেয়ারম্যান চিত্তরঞ্জন মণ্ডলও কথা বলেন অবস্থানরতদের সঙ্গে। পরে তারা SSC দফতরেও যান।

এদিকে, বিজেপি-র যুব মোর্চা আজ সল্টলেকে বিকাশভবন অভিযানের ডাক দেয়। পুলিশের সঙ্গে তাদের বচসা বাধে। রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান বিজেপি কর্মীরা। পরে প্রিজন ভ্যানে করে তাদের সেখান থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়। আমহার্স্ট্রীট থানার সামনে বিক্ষোভ দেখায় বিজেপি। বিক্ষোভ চলছে কসবা থানায় যায়।

অন্যদিকে, যাদবপুর এইট বি এবং কলেজ স্ট্রিটে মিছিল করে বাম ছাত্র সংগঠন- SFI । যাদবপুর ও কলেজ স্ট্রিট মোড় অবরোধ করে বিক্ষোভ দেখানো হয়। কলেজস্ট্রীটে  এক পৃথক কর্মসূচীতে যোগ দেন কংগ্রেসের কর্মী সমর্থকরা।

বিকেলে রাসবিহারি থেকে গড়িয়াহাট মোড় পর্যন্ত বিক্ষোভ মিছিলের ডাক দেয় বামফ্রন্ট।

ডি আই অফিসে  চাকরিহারাদের এই অভিযান রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে তৃণমূল কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

(বাইট – কুনাল)

এদিকে, শিক্ষকদের উপর পুলিশি নির্যাতন একেবারে অনভিপ্রেত বলে তৃণমূল সাংসদ সায়নী ঘোষ মন্তব্য করেছেন। শিক্ষকদের প্রতি আচরণে পুলিশের আরও সংযত হওয়া উচিত ছিল বলে আজ সাংবাদিকদের কাছে মন্তব্য করেছেন তিনি। পাশাপাশি কঠিন সময়ে শিক্ষকদেরও শান্ত থাকার পরামর্শ দিয়েছেন তিনি।

ক্ষমতায় এলে বিজেপি যোগ্য – অযোগ্য সমস্যার সমাধান করবে বলে বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

(বাইট – সুকান্ত)

সিপিআইএম – লিবারেশনও শিক্ষকদের উপর পুলিশী নির্যাতনের নিন্দা করে রাজ্যজুড়ে প্রতিবাদ দিবস পালন করে। মিছিল হয় কলকাতায়।

oooooooooooooooooooo

এদিকে, চাকরি ফিরে পাওয়ার দাবিতে এবার দিল্লিতে আন্দোলনে নামছেন চাকরিহারা যোগ্য শিক্ষক শিক্ষাকর্মীদের একাংশ। আগামী ১৬ তারিখ যোগ্য শিক্ষক, শিক্ষিকা ও শিক্ষাকর্মী অধিকার মঞ্চ দিল্লির যন্তর মন্তরে প্রতিবাদ কর্মসূচির আয়োজন করেছে। সংগঠনের আহবায়ক মেহেবুব মন্ডল জানিয়েছেন, দিল্লি পুলিশের কর্মসূচির জন্য অনুমতি চাওয়া হয়েছিল। সেই অনুমতি পাওয়া গেছে। ১৫০ জনকে নিয়ে এই কর্মসূচির অনুমতি দিয়েছে দিল্লি পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০

চাকরিহারা যোগ্য শিক্ষকদের সঙ্গে আগামীকাল বৈঠকে বসতে চলেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। বিকাশ ভবনে ওই বৈঠকে স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান, শিক্ষা দফতরের আধিকারিকরা উপস্থিত থাকবেন। যোগ্য চাকরিহারা শিক্ষকদের বক্তব্য শুনবেন শিক্ষামন্ত্রী। তাদের চাকরিতে পুনর্বহাল করতে সরকার কোন পথে এগোতে চাইছে সে ব্যাপারেও বৈঠকে আলোচনা হতে পারে । সরকার আইন বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে যোগ্য –অযোগ্যদের তালিকা প্রকাশ করতে চেষ্টা করছে বলেও শিক্ষামন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের রায়ে প্রায় ২৬০০০ চাকরি বাতিলের পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রায় নিয়ে যে মন্তব্য করেছিলেন, তার প্রেক্ষিতে তাঁকে আদালত অবমাননার নোটিশ পাঠানো হয়েছে। গত সোমবার নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে চাকরিহারাদের একাংশের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সেখানেই সুপ্রিম কোর্টের রায়কে মুখ্যমন্ত্রী জনসমক্ষে অবমাননা করেছেন বলে অভিযোগ । এর প্রেক্ষিতেই এক স্বেচ্ছাসেবী সংস্থার পক্ষ থেকে এই নোটিশ পাঠানো হয়েছে বলে জানা গেছে।

এবিষয়ে ইতিমধ্যেই প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুণাল ঘোষ। এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি বলেন, এই ধরনের নোটিশ আইনি জটিলতা বাড়াবে। মুখ্যমন্ত্রী বিচার ব্যবস্থায় সম্পূর্ণ আস্থা রাখতেন বলে মত প্রকাশ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০

আগামী ১২-ই এপ্রিল হনুমান জয়ন্তী উপলক্ষে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে কলকাতায় শোভাযাত্রার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। তবে, রাখা হয়েছে একাধিক শর্ত। কলেজস্ট্রীট বাটা থেকে আমহার্স্ট্রীট থানার হনুমান মন্দির পর্যন্ত মিছিল যাবে।

বিকেল পাঁচটা থেকে রাত ৮-টার মধ্যে শোভাযাত্রা করা যাবে। শব্দ দূষণ বিধি মেনে বাজানো যাবে মাইক। মিছিলে ডিজে ব্যবহার করা যাবে না। পাশাপাশি আড়াইশো জনের বেশি এতে অংশ নিতে পারবেন না।

অন্য আর একটি মামলায় আগামীকাল ও ১২ তারিখ গড়িয়ায় হনুমানজয়ন্তীর অনুষ্ঠানের ছাড়পত্র দিয়েছে উচ্চ আদালত।

হাওড়ায় রাম নবমীর মিছিলে হাইকোর্টের নির্দেশ লঙ্ঘনের অভিযোগে বিশ্ব হিন্দু পরিষদের সদস্যদের বিরুদ্ধে পুলিশ এফআইআর দায়ের করার রিপোর্ট চেয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, পুলিশের কাছে কি তথ্যপ্রমাণ রয়েছে আগামী ২৫-শে এপ্রিল তা জানাতে বলেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

ওয়াকফ সংশোধনী আইনের বিরুদ্ধে আজ মৌলালিতে প্রতিবাদ কর্মসূচির ডাক দেয় জমিয়তে উলামায়ে হিন্দ। এর জেরে এদিন সকাল থেকেই ব্যপক যানজট দেখা যায় কলকাতার বেশ কিছু রাস্তায়। সবচেয়ে বেশি প্রভাব পড়ে মধ্য কলকাতায়। পুলিশ সূত্রে জানা গেছে, নতুন ওয়াকফ আইনের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে মিছিল যায় মৌলালির রামলীলা ময়দান পর্যন্ত। যানজট তৈরি হয় পার্ক সার্কাস, মৌলালি, লেনিন সরণি, এজেসি বোস রোড ফ্লাইওভারে। মল্লিকবাজারমুখী সব রাস্তা, এমনকি পার্ক সার্কাস মুখী মা ফ্লাইওভারেও যান চলাচল খুব ধীর হয়ে যায়। কিছু সময়ের জন্য বন্ধ রাখা হয় সিআইটি রোড।

০০০০০০০০০০০০০০০০০০০

রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধির প্রতিবাদে আজ কলকাতায় অভিনব প্রতিবাদ কর্মসূচী পালন করে তৃণমূল মহিলা কংগ্রেস। দক্ষিণ কলকাতার হাজরামোড়ের কাছে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের নেতৃত্বে কাঠের উনুন জ্বালিয়ে প্রতীকি রান্না করে প্রতিবাদ জানানো হয়। চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, কেন্দ্রীয় সরকার অনেক প্রতিশ্রুতি দিলেও তার বাস্তবায়ন হয় না। রান্নার গ্যাসের মূল্যবৃদ্ধি সাধারণ মানুষের ওপর চাপ সৃষ্টি করবে বলে তিনি অভিযোগ করেন।

০০০০০০০০০০০০০০০০০০

স্পটলাইট অনুষ্ঠানে এবার শুনবেন 'ওয়াকফ (সংশোধনী) বিল' নিয়ে বিশেষ আলোচনা। অতিথি হিসেবে থাকছেন প্রবীণ সাংবাদিক মোহাম্মদ আমানুল্লা এবং আইনজীবী দেবজিত সরকার। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির দ্বিতীয় তথা শেষ পর্ব শুনবেন আজ সঞ্চয়িতায় রাত সাড়ে আটটায়। একইসঙ্গে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও এ'টি শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং ওয়েভ ল্যাপসের সহযোগিতায় আয়োজিত XR ক্রিয়েটর হ্যাকাথনে বিজয়ীদের নাম ঘোষিত হয়েছে।

স্বাস্থ্য সেবা ফিটনেস অ্যান্ড ওয়েলবিং, শিক্ষাগত রূপান্তর, পর্যটন, ডিজিটাল মিডিয়া ও বিনোদন এবং ই-কমার্স রিটেল অ্যান্ড ট্রান্সফরমেশন – এই পাঁচটি বিভাগে পুরস্কার দেওয়া হয়।

আই আই টি খড়গপুরের পড়ুয়া বেদান্ত হাজরার নেতৃত্বে XR রানার্স টীম বিজয়ী ঘোষিত হয়েছে। আই আই টি-র অধ্যাপক কৌশল কুমার ভগতের তত্বাবধানে শিক্ষগত রূপান্তর বিভাগে তারা জয়লাভ করে।

০০০০০০০০০০০০০০০০০০০

আজ মহাবীর জয়ন্তী। নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সারা দেশের সঙ্গে এরাজ্যেও পালিত হচ্ছে জৈন ধর্মের ২৪ তম তীর্থঙ্কর ভগবান মহাবীরের জন্মবার্ষিকী । কলকাতা সহ রাজ্যের বিভিন্ন স্থানে মহাবীর জয়ন্তী উপলক্ষে শোভাযাত্রার আয়োজন করা হয়েছে। জৈন মন্দিরগুলি সাজিয়ে তোলা হয়েছে আলোর মালায় ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মহাবীর জয়ন্তী উপলক্ষে জৈন সম্প্রদায়ের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন।

এদিকে, অশান্তির আবহে বাতিল হয়েছে মুর্শিদাবাদের ধুলিয়ানের শতাব্দী প্রাচীন দিগম্বর জৈন সম্প্রদায়ের মহাবীর জয়ন্তীর শোভাযাত্রা। এবছর বাদ রাখতে হয়েছে পথপরিক্রমাও। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – মামুন)

ooooooooooooooooooo

দক্ষিণবঙ্গের সবকটি জেলাতেই আজ বিক্ষিপ্ত ভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন, বেশ কয়েকটি জেলায় কালবৈশাখী বয়ে যাবার সম্ভাবনা রয়েছে। বৃষ্টির সম্ভাবনা রয়েছে মুর্শিদাবাদ, নদীয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া ও বীরভূমে। এদিকে উত্তরবঙ্গের জেলাগুলিতে ভারী বর্ষণের কমলা সতর্কতা জারি করা হয়েছে।

(বাইট – সোমনাথ দত্ত)

ooooooooooooooooo

আইপিএলের ম্যাচে আগামীকাল কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংসের বিরূদ্ধে খেলবে। চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। নাইট রাইডার্স পাঁচ ম্যাচে চার পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার ষষ্ঠ স্থানে আছে।

অন্যদিকে চেন্নাই সমসংখক ম্যাচে দুই পয়েন্ট পেয়ে দশ দলের আইপিএলে নবম স্থানে রয়েছে।